গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১২০.২০.০০১.২১.৩৯১

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯
০৭ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **মাঠ পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন, আয়োজন এবং সমন্বয় বিষয়ক নির্দেশনা।**

সূত্র: পত্র নম্বর ১৩.০১.০০০০.১২০.২০.০০১.২১.৩৮৮, প্রেরণের তারিখ: ০৬-০৯-২০২২

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মচারিদের ২০২২-২০২৩ অর্থবছরে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে সূত্রস্থ পত্রে মোট ১,০৭,১০,৫৮৫.০০ (এক কোটি সাত লক্ষ দশ হাজার পাঁচশত পচাশি) টাকা বরাদ্দ দেওয়া হয়। এক্ষণে উক্ত অর্থের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার জন্য দিক-নির্দেশনা প্রদান করা হলো-

i) প্রত্যেক দপ্তরে বরাদ্দকৃত অর্থের মাধ্যমে অর্থ বরাদ্দের মঞ্জুরিপত্রে উল্লিখিত দপ্তরসমূহের সাথে সমন্বয় করে সকল কর্মচারীদেরকে সর্বোচ্চ সংখ্যক জনঘন্টা প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। সে লক্ষ্যে অর্থ বরাদ্দপ্রাপ্ত দপ্তরসমূহ মঞ্জুরিপত্রে উল্লিখিত দপ্তরসমূহের সাথে সমন্বয় করে সকল কর্মচারীদের জন্য এপিএ এর আবশ্যিক এবং সুশাসন ও সংস্কারমূলক বিষয়সমূহ অগ্রাধিকার দিয়ে অন্যান্য প্রয়োজনীয় বিষয়সহ (তালিকা সংযুক্ত) কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রার আলোকে সম্ভাব্য ক্ষেত্রে গ্রেডভিত্তিক বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করবে। উক্ত প্রশিক্ষণ পরিকল্পনার আলোকে আওতাধীন দপ্তরসমূহ প্রশিক্ষণ কর্মসূচি ভিত্তিক কর্মচারীদের মনোনয়ন প্রস্তাব প্রেরণ করবে।

ii) এক্ষেত্রে **বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে** সশরীরে প্রশিক্ষণের ক্ষেত্রে সর্বনিম্ন ৩০ জন প্রশিক্ষণার্থী নিশ্চিত করে দিনব্যাপী (৪ সেশনে ৮ঘন্টা) সর্বোচ্চ যে হারে অর্থ ব্যয় করা যেতে পারে তা নিম্ন বর্ণিত হলো।

| | |
|---|---|
| প্রশিক্ষকদের সম্মানী ভাতা | দিনব্যাপী প্রশিক্ষণে ৪ সেশন ১৫০০ টাকা হারে |
| দুপুরের খাবার | জনপ্রতি প্রশিক্ষণার্থী বাবদ সর্বোচ্চ ২৫০ টাকা হারে |
| এক বেলা নাস্তা | জনপ্রতি প্রশিক্ষণার্থী বাবদ সর্বোচ্চ ৪০ টাকা হারে |
| ফাইল/নোট প্যাড ও কলম | জনপ্রতি প্রশিক্ষণার্থী বাবদ সর্বোচ্চ ২৫ টাকা হারে |

**তবে, সুবিধাদি থাকা সাপেক্ষে অনলাইনে সম্ভাব্য সর্বোচ্চ সংখ্যক প্রশিক্ষণার্থী অংশগ্রহণ নিশ্চিত করে প্রশিক্ষণ আয়োজন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যেখানে শুধু প্রশিক্ষকের জন্য সেশন প্রতি সম্মানী বাবদ ১৫০০ টাকা ব্যয় করে প্রায় ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব, প্রমাণকও রাখা সম্ভব।**

iii) মন্ত্রণালয় কর্তৃক চাহিত প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদন ছক অনুযায়ী (সংযুক্ত) মাসের সর্বশেষ কর্মদিবসের মধ্যে প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদন প্রশিক্ষণ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া, বাজেট বাস্তবায়ন যথাসময়ে নিশ্চিত করতে মাসভিত্তিক বিল পরিশোধ করার জন্য দাখিল করতে হবে।

iv) সরাসরি প্রশিক্ষণের ক্ষেত্রে প্রমাণকসমূহ (প্রশিক্ষণ মনোনয়ন, হাজিরা, ব্যানারসহ ছবি) এবং অনলাইনে প্রশিক্ষণের ক্ষেত্রে (মনোনয়ন, উপস্থিতি স্ক্রীনশট এবং জুম সিস্টেম হতে উপস্থিতি রিপোর্ট) প্রত্যেক কোয়ার্টারের শেষে ৫ কর্মদিবসের মধ্যে এপিএ টিম বরাবর প্রেরণ ও প্রাপ্তি নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, প্রমাণক উপস্থাপনের সুবিধার্থে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

স্বাক্ষরকারী প্রত্যেক দপ্তরের আওতাধীন কর্মকর্তা-কর্মচারিগনের তালিকা প্রশিক্ষণ আয়োজনকারী দপ্তর কর্তৃক জারিতব্য মনোনয়নে গুচ্ছ আকারে বর্ণিত থাকতে পারে। হাজিরা গ্রহণের ক্ষেত্রেও একই দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারিগণের হাজিরা পরপর স্বাক্ষরিত হবে।

৭-৯-২০২২
মোঃ আনিসুজ্জামান
পরিচালক
ফোন: +৮৮-০২-৯৫৬৭২৫৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬১৯৮
ইমেইল: dtrng@dgfood.gov.bd

বিতরণ :
১) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
২) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
৪) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১২০.২০.০০১.২১.৩৯১/১(২১)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯
০৭ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, খাদ্য অধিদপ্তর (সকল)
৫) অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।))
৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৮) উপাজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ।
৯) অফিস কপি ।

৭-৯-২০২২
মোঃ নুরুজ্জামান
ইন্সট্রাক্টর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রংপুর বিভাগ, সেন্ট্রাল রোড, রংপুর।

http://food.rangpurdiv.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২৬১.২৫.০০২.১৯.১০২৯

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯
১১ সেপ্টেম্বর ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১১-৯-২০২২
মোঃ আশরাফুল আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

জেলা খাদ্য নিয়ন্ত্রক,
রংপুর/দিনাজপুর/নীলফামারী/গাইবান্ধা/ঠাকুরগাঁও/কুড়িগ্রাম/পঞ্চগড়/লালমনিরহাট

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২৬১.২৫.০০২.১৯.১০২৯/১

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯
১১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হল:

১) পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর
২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর(মহাপরিচালক গ্রেড-১ মহোদয়ের সদয অবগতির জন্য)
৩) দপ্তর নথি

১১-৯-২০২২
মোঃ আশরাফুল আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক